# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ২১৫৫

### ২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ পাথর, দেওয়াল, ছাদ, মুদ্রা ইত্যাদিতে প্রাণীর মূর্তি খোদাই করা হারাম। অনুরূপভাবে দেওয়াল, ছাদ, বিছানা, বালিশ, পর্দা, পাগড়ী, কাপড় ইত্যাদিতে প্রাণীর চিত্র অঙ্কন করা হারাম এবং মূর্তি ছবি নষ্ট করার নির্দেশ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا قَالَتْ : وَاعَدَ رَسُولَ اللهِ ﷺ جِبرِيلُ، في سَاعَةٍ أَنْ يَأْتِيَهُ فَجَاءتْ تِلْكَ السَّاعَةُ وَلَمْ يَأتِهِ قَالَتْ : وَكَانَ بِيَدِهِ عَصاً، فَطَرَحهَا مِنْ يَدِهِ وَهُوَ يَقُولُ مَا يُخْلِفُ اللهُ وَعْدَهُ وَلاَ رُسُلُهُ ثُمَّ التَفَتَ فَإِذَا جَرْوُ كَلْبٍ تَحْتَ سَرِيرِهِ فَقَالَ مَتَى دَخلَ هَذَا الكَلْبُ ؟ فَقُلْتُ : وَاللهِ مَا دَرَيْتُ بِهِ فَأَمَرَ بِهِ فَأُخْرِجَ فَجَاءَهُ جِبْرِيلُ، فَقَالَ رَسُولُ اللهِ ﷺ وَعَدْتَنِي، فَجَلَسْتُ لَكَ وَلَمْ تَأْتِنِي فَقَالَ : مَنَعَنِي الكَلْبُ الَّذِي كَانَ فِي بَيْتِكَ إِنَّا لاَ نَدْخُلُ بَيْتاً فِيهِ كَلْبٌ وَلاَ صُورَةٌ رواه مسلم

বাংলা

(২১৫৫) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা জিবরীল (আঃ) আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে কোন এক সময়ে সাক্ষাৎ করার জন্য ওয়াদা করেন। সুতরাং সে নির্ধারিত সময়টি এসে পৌঁছল; কিন্তু জিবরীল (আঃ) আসলেন না। আয়েশা (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাতে একটি লাঠি ছিল। তিনি তা ফেলে দিলেন এবং বললেন, আল্লাহ নিজ প্রতিশ্রুতি ভঙ্গ করেন না এবং তাঁর দূতগণও না। তারপর তিনি ফিরে দৃষ্টি নিক্ষেপ করে দেখতে পেলেন যে, তাঁর খাটের নীচে একটি কুকুর ছানা বসে আছে। তখন তিনি বললেন, এ কুকুরটি কখন এখানে ঢুকে পড়েছে?

(আয়েশা (রাঃ) বলেন) আমি বললাম, আল্লাহর কসম! আমি ওর ব্যাপারে জানতেই পারিনি। সুতরাং তিনি আদেশ দিলে ওটাকে বাইরে বের করা হল। তারপর জিবরীল (আঃ)-এর আগমন ঘটল। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অভিযোগ ক'রে) বললেন, আপনি আমার সঙ্গে ওয়াদা করেছিলেন, আর আমি আপনার প্রতীক্ষায় বসেছিলাম, অথচ আপনি আসলেন না? জিবরীল বললেন, আমাকে ঐ কুকুর ছানাটি (ঘরে ঢুকতে) বাধা দিয়েছিল; যেটা আপনার ঘরের মধ্যে ছিল। নিশ্চয় আমরা সে ঘরে প্রবেশ করি না, যে ঘরে কুকুর কিংবা কোন ছবি বা মূর্তি থাকে।

### ফুটনোট

(মুসলিম ৫৬৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন